

সেপ্টেম্বর ২০০৯ | ক্রোড়পত্র

ভাদ্র-আশ্বিন ১৪১৬

# চায়ের কথা

কৃষক ও কৃষিকর্মীদের তথ্য বিনিময় মঞ্চ

## বাগানে ক্লাস

**দেবব্রত গুছাইত**


দক্ষিণ ২৪ পরগনায় ছাত্রছাত্রীর সবজিবাগান

দ. ২৪ পরগনার একটি স্কুলে কয়েকবছর ধরে সবজি বাগান হচ্ছে। জায়গাটা জেলার পাথরপ্রতিমার গয়াধামে। এর ফলে ওই স্কুলের ছেলেমেয়েরা মিড ডে মিলে তরিতরকারি পাচ্ছে। ছোটদের পরিবেশ-শিক্ষা, বড়দের বাগান করায় উৎসাহ ও মিড ডে মিলে সবজি যোগ করতেই এই প্রয়াস।

স্কুলের নাম গয়াধাম অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়। গয়াধামের পূর্বে মৃদঙ্গভাঙা নদী, পশ্চিমে বিশালাক্ষী মন্দির। উত্তরে নিচু ধানজমি আর দক্ষিণে সুন্দরবন সড়ক—এই সড়ক চলে গেছে গঞ্জের বাজার হয়ে লক্ষ্মীকান্তপুর স্টেশন। গয়াধামের ব্লক পাথরপ্রতিমা, গ্রাম পঞ্চায়েত রামগঙ্গা।

স্কুলের ছাত্রসংখ্যা ১৭০, শ্রেণি সংখ্যা ৪। এই কাজে অংশ নিচ্ছে ৮৫ জন ছাত্রছাত্রী। এরা সবাই মূলত তৃতীয় ও চতুর্থ শ্রেণির। কাজ শুরু খরিফ ২০০৬-এ। শুরুর পেছনে স্থানীয় সংগঠন ইন্দ্রপ্রস্থ সৃজন ওয়েলফেয়ার সোসাইটির বড় ভূমিকা ছিল।

বিদ্যালয়ের সঙ্গে ৪০´ X ২০´ একটা জমি [১ কাঠার খানিক বেশি] ছিল। বাগান হয় এই জমিতেই। সেচের জন্য বৃষ্টির জল ধরে রাখতে একটা চেম্বার করা হয়। আয়তন ২ ঘনমিটার, জল ধরে ৬৬৭৯ লিটার। চেম্বার তৈরিতে ডিআরসিএসসি অর্থসাহায্য করে, অর্থের পরিমাণ ১৩,০০০। এছাড়াও ১৫০ টাকা দেওয়া হয় বীজ কিনতে। ছেলেমেয়েরা কাজ করেছে টিফিন বেলায় ও স্কুলের শেষে। ছুটির দিনে কাজ করেছে আশপাশের ছাত্রছাত্রীরা। তারা কম্পোস্ট বানানো শিখেছে, তরল সার বানানো শিখেছে, আগাছা পরিষ্কার করেছে, নিড়ান দিয়েছে। খুব একটা পোকা লাগেনি।* বাগানের জন্য বীজ জোগাড় করেছে ছেলেমেয়েরাই। প্রথমবারই কেবল ডিআরসিএসসি দিয়েছে। শিক্ষায়তনের পক্ষে এই কাজের তদারকি ও তথ্যায়নের কাজ প্রথমে শিক্ষক শ্রী রঞ্জিত দাস করতেন। এখন করে চলেছেন শ্রী তপন মান্না।



* সংগঠন তরফে মনে হয়েছে, অনেক সবজি মিলিয়ে মিশিয়ে চাষ করাই পোকা কম লাগার কারণ

২০০৬ থেকে মরশুমের হিসেব :

| | |
|---|---|
| শ্রম ৩টি [৮০x৩] | ২৪০.০০ |
| বীজ | ৩০.০০ |
| গোবর [৫০ কেজি] | ১০০.০০ |
| | ৩৭০.০০ |

| ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|
| ডাঙা কলমী | ৫ কেজি | ৪.০০ | ২০.০০ |
| পুঁই | ২০ কেজি | ৩.০০ | ৬০.০০ |
| বেগুন [মুক্তকেশী] | ৫ কেজি | ১২.০০ | ৬০.০০ |
| মুখীকচু | ১৫ কেজি | ৮.০০ | ১২০.০০ |
| কুমড়ো | ৬ কেজি | ৫.০০ | ৩০.০০ |
| | | | ২৯০.০০ |

## রবি ২০০৬-০৭

| | |
|---|---|
| গোবর [৫০ কেজি] | ৫০.০০ |
| | ৫০.০০ |

| ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|
| মুলো | ৫ কেজি | ৪.০০ | ২০.০০ |
| পালং | ১০ কেজি | ৫.০০ | ৫০.০০ |
| রাঙালু | ২০ কেজি | ৩.০০ | ৬০.০০ |
| বেগুন (বনমালা) | ২ কেজি | ৬.০০ | ১২.০০ |
| তরুকলা | ১৫ কেজি | ৫.০০ | ৭৫.০০ |
| মাখনশিম | ৫ কেজি | ৫.০০ | ২৫.০০ |
| | | | ২৪২.০০ |

## প্রাক্ খরিফ ২০০৭

| | |
|---|---|
| বীজ | ১৫.০০ |
| | ১৫.০০ |

| ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|
| পুঁই | ১৫ কেজি | ৩.০০ | ৪৫.০০ |
| নটে | ১২ কেজি | ৪.০০ | ৪৮.০০ |
| | | | ৯৩.০০ |







### খরিফ ২০০৭

| | |
|---|---|
| বীজ | ৩০.০০ |
| শ্রম ১টি | ৮০.০০ |
| | ১১০.০০ |

| ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|
| মুখীকচু | ২৫ কেজি | ৮.০০ | ২০০.০০ |
| নটে | ৮ কেজি | ৪.০০ | ৩২.০০ |
| পুঁই | ২২ কেজি | ৩.০০ | ৬৬.০০ |
| কলমী | ৫ কেজি | ৪.০০ | ২০.০০ |
| চালকুমড়ো | ২৭ কেজি | ২.০০ | ৫৪.০০ |
| বরবটি | ৫০০ গ্রাম | ৮.০০ | ৪.০০ |
| | | | ৩৭৬.০০ |

### রবি ২০০৭-০৮

| | |
|---|---|
| বীজ | ৪০.০০ |
| | ৪০.০০ |

| ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|
| মুলো | ১৫ কেজি | ৪.০০ | ৬০.০০ |
| পালং | ১২ কেজি | ৬.০০ | ৭২.০০ |
| নটে | ১৮ কেজি | ৫.০০ | ৯০.০০ |
| পুঁই | ২৯ কেজি | ৩.০০ | ৮৭.০০ |
| তরুকলা | ১৩ কেজি | ৪.০০ | ৫২.০০ |
| মাখনশিম | ২ কেজি | ৩.০০ | ৬.০০ |
| রাঙালু | ১২ কেজি | ৫.০০ | ৬০.০০ |
| | | | ৪২৭.০০ |

### প্রাক্ খরিফ ২০০৮

| | |
|---|---|
| বীজ | ১২.০০ |
| | ১২.০০ |

| ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|
| নটে | ১২ কেজি | ৫.০০ | ৬০.০০ |
| কলমী | ৬ কেজি | ৪.০০ | ২৪.০০ |
| | | | ৮৪.০০ |

### খরিফ ২০০৮

| | |
|---|---|
| শ্রম ১টি | ৮০.০০ |
| | ৮০.০০ |

| ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|
| নটে | ১৫ কেজি | ৫.০০ | ৭৫.০০ |
| কলমী | ৮ কেজি | ৪.০০ | ৩২.০০ |
| পুঁই | ২৩ কেজি | ২.০০ | ৪৬.০০ |
| বেগুন [মুক্তকেশী] | ৬ কেজি | ৬.০০ | ৩৬.০০ |
| মুখীকচু | ১২ কেজি | ৮.০০ | ৯৬.০০ |
| | | | ২৮৫.০০ |

| রবি ২০০৮-০৯ | | ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|---|---|
| | | নটে | ১২ কেজি | ৪.০০ | ৪৮.০০ |
| | | পালং | ২৫ কেজি | ৪.০০ | ১০০.০০ |
| | | মুলো | ১৭ কেজি | ৩.০০ | ৫১.০০ |
| শ্রম ১টি | ৯০.০০ | মাখনশিম | ৫ কেজি | ৫.০০ | ২৫.০০ |
| | | চালকুমড়ো | ৩৫ কেজি | ২.০০ | ৭০.০০ |
| | | রাঙালু | ১২ কেজি | ৩.০০ | ৩৬.০০ |
| | ৯০.০০ | | | | ৩৩০.০০ |

| প্রাক্ খরিফ ২০০৯ | | ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|---|---|
| | | নটে | ৫ কেজি | ৩.০০ | ১৫.০০ |
| | | কলমী | ২ কেজি | ৪.০০ | ৮.০০ |
| বীজ | ৫.০০ | পুঁই | ৮ কেজি | ৩.০০ | ২৪.০০ |
| | ৫.০০ | | | | ৪৭.০০ |

| খরিফ ২০০৯ | | ফসল | পরিমাণ | দাম | মোট |
|---|---|---|---|---|---|
| | | পুঁই | ১৮ কেজি | ৩.০০ | ৫৪.০০ |
| | | নটে | ৫ কেজি | ৪.০০ | ২০.০০ |
| বীজ | ২৮.০০ | কলমী | ৩ কেজি | ৪.০০ | ১২.০০ |
| শ্রম ১টি | ৮০.০০ | মুখীকচু | ১৪ কেজি | ৮.০০ | ১১২.০০ |
| | | কুমড়ো | ১৯ কেজি | ৩.০০ | ৫৭.০০ |
| | ১০৮.০০ | | | | ২৫৫.০০ |



- মজুরি কাউকে দশ টাকা কম দেওয়া গেছে কাউকে পুরোটাই দিতে হয়েছে।
- ২০০৬-০৭-এ ৫০ টাকা পরিমাণ জমির ঘাস দেওয়ার ফলে গোবরের জন্য কেবল ৫০ টাকা লেগেছে।

শ্রী দেবব্রত গুছাইত ইন্দ্রপ্রস্থ সৃজন ওয়েলফেয়ার সোসাইটির একজন কর্মী

সহযোগিতা : প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ ডিআরসিএসসি



Book Post
Printed Matter

রূপ : অভিজিত দাস
হরফ : শিপ্রা দাস
মুদ্রাকর : লক্ষ্মীকান্ত নস্কর
সম্পাদনা সহযোগী : সঞ্জীব চট্টোপাধ্যায়
**সম্পাদক : সুব্রত কুন্ডু**
ডেভলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন অ্যান্ড সার্ভিসেস সেন্টারের পক্ষে সুব্রত কুন্ডু কর্তৃক ৫৮এ ধর্মতলা রোড, বোসপুকুর, কসবা, কলকাতা ৭০০ ০৪২ থেকে মুদ্রিত ও প্রকাশিত